

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
শেরপুর শাখা, ৪৬, সম্পদ প্লাজা (১ম তলা), রঘুনাথ বাজার, নারায়নপুর, শেরপুর-২১০০।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি। (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শেরপুর শাখা, এর ঋণগ্রহীতা মেসার্স হাজী এন্টারপ্রাইজ নামীয়, প্রোপাইটরঃ জনাব আলহাজ্ব মোঃ আজাদুল ইসলাম (হেলাল) ওরফে হেলাল হাজী, পিতা- মৃত আলহাজ্ব মোঃ সাহাব উদ্দিন, ঠিকানাঃ গৌরীপুর, শেরপুর টাউন, উপজেলা- শেরপুর সদর, জেলা- শেরপুর এর নিকট খেলাপী ঋণ বাবদ সুদসহ বিগত ৩০/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৳ ৫২,৩৯,২১৯.৫৪ (বায়ান্ন লক্ষ উনচল্লিশ হাজার দুইশত উনিশ টাকা চুয়ান্ন পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে উক্ত ঋণের জামানত হিসাবে ব্যাংকের নিকট বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরস্থিত গৃহাদী নিলাম বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ৩১/১০/২০১৯ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংক এর শেরপুর শাখা, শেরপুর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার মারফত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শেরপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েব সাইটে পাওয়া যাইবে।

তফসীল

১। মৌজা- শেরপুর, উপজেলা-শেরপুর সদর, জেলাঃ শেরপুর, জে.এল নং-২৩, আরওআর খতিয়ান নং- ৩০৪৩, বিআরএস খতিয়ান নং- ৪১১৫, খারিজ খতিয়ান নং- ১৫৮৬৮, আরওআর দাগ নং- ২৩০৯, বিআরএস দাগ নং- ৬০৮৫, জমির পরিমাণ ১.২৫ শতক জমি।

২। মৌজা- শেরপুর, উপজেলা-শেরপুর সদর, জেলাঃ শেরপুর, জে.এল নং-২৩, আরওআর খতিয়ান নং- ৩০৫৯, বিআরএস খতিয়ান নং- ১৭৭০, খারিজ খতিয়ান নং- ১৫৮৬৮, আরওআর দাগ নং- ২৩১৬, বিআরএস দাগ নং- ৬০৮০, জমির পরিমাণ ৩.০০ শতক জমি।

৩। মৌজা- শেরপুর, উপজেলা-শেরপুর সদর, জেলাঃ শেরপুর, জে.এল নং-২৩, আরওআর খতিয়ান নং- ৩০৩৫, বিআরএস খতিয়ান নং- ৩৮৮৪, খারিজ খতিয়ান নং- ১৪০২২, আরওআর দাগ নং- ২৩১৯, বিআরএস দাগ নং- ৬০৯০, জমির পরিমাণ ৭.২৫ শতক জমি।

৪। মৌজা- শেরপুর, উপজেলা-শেরপুর সদর, জেলাঃ শেরপুর, জে.এল নং-২৩, আরওআর খতিয়ান নং- ৩০৩৫, বিআরএস খতিয়ান নং- ৩৮৮৪, খারিজ খতিয়ান নং- ১৪০২২, আরওআর দাগ নং- ২৩১৯, বিআরএস দাগ নং- ৬০৯০, জমির পরিমাণ ৩.৭৫ শতক জমি।

ব্যবস্থাপক
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,
শেরপুর শাখা, শেরপুর।